গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

নং-২৬.০০.০০০০.০৯৬.৯৩.০২৯.১৭.৬৩

তারিখঃ ১২ এপ্রিল ২০১৮।

**বিষয়: আগামি ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।**

আগামি ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ নীতিমালা জারি করেছে (কপি সংযুক্ত) । নীতিমালার আলোকে এপিএ পরিকল্পনা প্রণয়নের সময় নিম্নোক্ত বিষয়াবলীর প্রতি গুরুত্বারোপের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৭-২০১৮ এর অর্জনকে চলতি মানে প্রদর্শন করতে হবে।

২) উক্ত চলতি মানকে ভিত্তিমান হিসেবে গণ্য করে আগামি ২০১৮-১৯ অর্থবছরের APA লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। অসাধারণের কলামটি হবে লক্ষ্যমাত্রার কলাম।

৩) সিটিজেন চার্টারে আপনার দপ্তর/সংস্থা হতে প্রদত্ত সেবা/কাজের গুরুত্ব বিবেচনা করে ২০১৮-১৯ অর্থবছরের APA এ কার্যাবলি অন্তর্ভূক্ত করতে হবে। প্রয়োজনে ২০১৭-১৮ অর্থবছরের কোন কোন বিষয় বাদ দেয়া যেতে পারে।

৪) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের সাথে যে সমস্ত কার্যাবলি সংশ্লিষ্ট সে সমস্ত কার্যাবলিকে এপিএ অন্তর্ভূক্ত করতে হবে। এসডিজি'র সাথে সংশ্লিষ্ট বিষয়ের ক্ষেত্রে এসডিজি'র লক্ষ্যের নাম্বার উল্লেখ করতে হবে।

৫) উন্নয়ন প্রকল্পভূক্ত সকল কাজকে APA ২০১৮-১৯ অন্তর্ভূক্ত করতে হবে।

**টাইম সিডিউল (দপ্তর/সংস্থা):**

৬) ২০১৮-১৯ অর্থবছরের খসড়া APA দপ্তর প্রধান-এর স্বাক্ষরে ০৭ মে ২০১৮ তারিখের মধ্যে উপসচিব বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে।

৭) মন্ত্রণালয়ের সুপারিশ অন্তর্ভূক্ত করে ২৪ মে ২০১৮ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার APA মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৮) ০৭ জুন ২০১৮ তারিখে মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থার APA অনুমোদন।

৯) ২১ জুন ২০১৮ তারিখে মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার APA স্বাক্ষরিত হবে।

১০) ২৪ জুন ২০১৮ তারিখ স্ব স্ব ওয়েবসাইটে স্বাক্ষরিত APA আপলোড করতে হবে।

**টাইম সিডিউল (মাঠ পর্যায়):**

১) ১৯ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের অফিসের ২০১৮-১৯ অর্থবছরের APA'র খসড়া প্রস্তুত করতে হবে।

২) ২৫ এপ্রিল ২০১৮ তারিখ মাঠ পর্যায়ের অফিস প্রধান কর্তৃক APA অনুমোদন।

৩) ২০১৮-১৯ অর্থবছরের মাঠ পর্যায়ের অফিসের খসড়া APA অফিস প্রধান-এর স্বাক্ষরে ০৩ মে ২০১৮ তারিখের মধ্যে দপ্তর/সংস্থা প্রধান বরাবর প্রেরণ করতে হবে।

৪) ২৪ মে ২০১৮ তারিখে মাঠ পর্যায়ের APA দপ্তর/সংস্থা প্রধান কর্তৃক পর্যালোচনা করে সুপারিশ প্রদান করতে হবে।

৫) ৩১ মে ২০১৮ তারিখে সুপারিশ অন্তর্ভূক্ত করে মাঠ পর্যায়ের অফিস চূড়ান্ত APA দপ্তর/সংস্থা প্রধান বরাবর প্রেরণ করতে হবে।

৬) ১৪ জুন ২০১৮ তারিখে দপ্তর সংস্থা প্রধান কর্তৃক মাঠ পর্যায়ের APA অনুমোদন পূর্বক ফেরত প্রদান।

৭) ২০ জুন ২০১৮ তারিখ দপ্তর সংস্থা প্রধান ও মাঠ পর্যায়ের অফিস প্রধানের মধ্যে APA চুক্তি স্বাক্ষর করতে হবে।

৮) ২৫ জুন ২০১৮ তারিখ স্ব স্ব ওয়েবসাইটে স্বাক্ষরিত APA আপলোড করতে হবে।

(সাহানা) ১২/৪/২০১৮
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৭১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১, কাওরান বাজার, ঢাকা।

০৩। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।

০৪। মহা-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
০৫। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
০৬। রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়, ১ কারওরান বাজার, টিসিবি ভবন, ঢাকা।
০৭। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকা।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইন্সটিটিউট (বিএফটিআই), ১, কাওরান বাজার, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন-১), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।